

**LACTURE NOTE FOR SEM -4 SANSKRIT HONS STUDENTS**

**TEACHERS`NAME- ARPITA PRAMANIK**

**DEPARTMENT OF SANSKRIT**

**K.C.COLLEGE, HETAMPUR, BIRBHUM**

**DATE-27-4-20**

**PAPER-CC-10**

**TOPIC-WORLD AND SANSKRIT LITERATURE**

**FRIEDRICH MAXMUELLER**

## ফ্রীডরিখ ম্যাক্সমুলার-এর পরবর্তী অংশ

ভাষাবিজ্ঞানের ন্যায় তুলনামূলক-ধর্ম ও বিভিন্ন জাতির পুরাণ কথাসমূহের তুলনামূলক আলোচনা বিষয়েও ম্যাক্সমুলার ছিলেন পথিকৃৎ। তুলনামূলক ধর্মবিষয়ে ম্যাক্সমুলার ইংল্যান্ডের বিভিন্ন স্থানে বহু বক্তৃতা দেন ও পুস্তক রচনা করেন।

ম্যাক্সমুলার সম্পাদিত ঋগ্বেদের প্রথম খন্ড ১৮৪৯ খ্রী. প্রকাশিত হয়। সংস্কৃত চর্চার ইতিহাসে সায়নাচার্যের ভাষ্য সহ সমগ্র ঋগ্বেদের প্রকাশ একটি অতি উল্লেখযোগ্য ঘটনা। ১৮৩৬ খ্রী. ফ্রীডরিখ রোজেন নামে এক জার্মান পণ্ডিত ঋগ্বেদের মোট আটটি অষ্টকের মধ্যে প্রথম অষ্টক মাত্র প্রকাশ করেন। কিন্তু রোজেনের অকাল মৃত্যুতে পরবর্তী অংশ আর প্রকাশিত হয়নি। ১৮৭৩ খ্রী. ম্যাক্সমুলার সম্পাদিত ঋগ্বেদের শেষ ষষ্ঠ খন্ড প্রকাশিত হয়। ঋগ্বেদ সম্পাদনের কাজে ম্যাক্সমুলারের জীবনের সর্বশ্রেষ্ঠ সময় অতিবাহিত হয়। এই ঋগ্বেদ সংস্করণ প্রকাশের সঙ্গে সঙ্গে তা বিশেষ জনপ্রিয়তা অর্জন করে। প্রায় চার হাজার বৎসর পূর্বে রচিত মানবজাতির আদিমতম ধর্মগ্রন্থের সম্পাদন ও এই প্রথম প্রকাশে শুধু ভারতবর্ষই নয়, সমগ্র সভ্য জগৎ এর দ্বারা উপকৃত হয়। ঋগ্বেদের মাহাত্ম্য ম্যাক্সমুলারই প্রথম প্রচার করেন।

ভারতবর্ষে ম্যাক্সমুলারের ঋগ্বেদ পৌঁছালে একদল ধর্মান্ব ব্যক্তি স্লেচ্ছের দ্বারা সম্পাদিত বলে এই গ্রন্থের বিরুদ্ধে প্রচার আরম্ভ করেন কিন্তু তাদের চেষ্টা ফলবর্তী হয়নি। কিছুকাল পরে নৈষ্ঠিক সংস্কৃত পণ্ডিতদের দুর্গস্বরূপ পুনা নগরীতে দেখা যায় যে একজন পণ্ডিত ম্যাক্সমুলারের ঋগ্বেদ উচ্চৈশ্বরে পড়ে যাচ্ছেন এবং অপর পণ্ডিতেরা ম্যাক্সমুলারের পাঠ অনুযায়ী নিজ নিজ অশুদ্ধ পুঁথির পাঠ সংশোধন করে নিচ্ছেন। ম্যাক্সমুলার নানা স্থানে পুঁথি সংগ্রহ করে পাঠ-ভেদ বিচার করে বৈদিক সাহিত্যের ব্যাকরণের প্রতি লক্ষ্য রেখে প্রতিটি শব্দের শুদ্ধ পাঠ সম্বন্ধে নিঃসন্দেহ হয়ে এটি মুদ্রাঙ্কন করান। ম্যাক্সমুলার নিজে ভারতবর্ষ থেকে ৮০টি পুঁথি সংগ্রহ করেছিলেন।

সম্পূর্ণ ঋগ্বেদ সম্পাদনার অল্পদিনের মধ্যেই জগদ্ব্যাপী চাহিদার জন্য ঋগ্বেদ সংগ্রহ করা দুঃসাধ্য হয়ে ওঠে। ভারতের বিজয়নগরের মহারাজা গজপতিরাজ তাঁর ইংল্যান্ডস্থিত প্রতিনিধি মারফৎ সম্পূর্ণ ঋগ্বেদ সংগ্রহে বিফল মনোরথ হয়ে ম্যাক্সমুলারকে পত্র লিখে জানতে চান যে,

ঋগ্বেদ যখন পাওয়া যাচ্ছে না তখন কেন তা পুনর্মুদ্রিত হচ্ছে না । ম্যাক্সমুলার মহারাজাকে জানান যে ‘সেক্রেটারী অফ স্টেট ফর্ ইন্ডিয়া’ ঋগ্বেদের প্রথম খন্ডমাত্র ছাপাতে চান। বাকী খন্ডগুলির জন্য অর্থব্যয় করা তাঁরা অপব্যয় মনে করেন , সমগ্র খন্ডগুলি প্রকাশিত না হলে কেবলমাত্র একখন্ড প্রকাশে তিনি ইচ্ছুক নন। বিজয়নগরের মহারাজা ঋগ্বেদের সমগ্র খন্ডগুলি প্রকাশনার ব্যয়ভার গ্রহণ করতে সন্মত হলে ম্যাক্সমুলার ১৮৯০-১৮৯২ খ্রী. বসন্তকালের মধ্যে চার খন্ডে তাঁর ঋগ্বেদের সংশোধিত সংস্করণ প্রকাশ করেন । এই সংস্করণটিও অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের মুদ্রণশালা থেকে প্রকাশিত হয় । উল্লেখযোগ্য যে, এই সময়ে পুনা নগরী থেকেও ঋগ্বেদের প্রথম ভারতীয় সংস্করণ প্রকাশিত হয়েছিল । ঋগ্বেদের দ্বিতীয় সংস্করণ প্রকাশের সময় অধ্যাপক ম্যাক্সমুলার “সেক্রেড্ বুক্ অব্ দি ইষ্ট্” গ্রন্থমালার পরিকল্পনা করেন ও স্বয়ং এটির সম্পাদনার ব্যয়ভার বহন করেন। প্রাচ্যের সমুদয় ধর্মের বিশিষ্ট গ্রন্থগুলি ম্যাক্সমুলার সহ ২০জন বিশেষজ্ঞ পণ্ডিত কর্তৃক অনূদিত হয়ে এই গ্রন্থমালার এক একটি খন্ডে প্রকাশিত হয় । এই গ্রন্থমালায় ৫১টি পুস্তক প্রকাশিত হয়েছিল। এর মধ্যে ৪৮টি খন্ড ম্যাক্সমুলারের জীবদ্দশাতেই প্রকাশিত হয় । বাকী এক খন্ড পুস্তক ও দুই খন্ড নির্ঘণ্ট ম্যাক্সমুলারের মৃত্যুর পর প্রকাশিত হলে এই গ্রন্থমালার প্রকাশ সম্পূর্ণ হয় । এই গ্রন্থমালার ৪৯ টি গ্রন্থের মধ্যে ২১টি ছিল বৈদিক ব্রাহ্মণ্যধর্ম সম্পর্কীয় । বৌদ্ধ ও জৈন গ্রন্থের সংখ্যা ছিল যথাক্রমে দশ ও দুই অর্থাৎ মোট ৩৩টি গ্রন্থই ছিল ভারত সম্পর্কিত। বাকী গ্রন্থগুলি ছিল চৈনিক, পারসিক ও ইসলাম ধর্ম সম্পর্কিত

এই গ্রন্থমালার তিনটি সম্পূর্ণ খন্ড ছিল ম্যাক্সমুলারের স্বকৃত অনুবাদ আর দুটি খন্ড ও তিনি আংশিকভাবে অনুবাদ করেন । ম্যাক্সমুলার অনূদিত দুখন্ড “দি উপনিষদস্” এই গ্রন্থমালার প্রথম ও পঞ্চদশ খন্ডরূপে প্রকাশিত হয় । প্রথম খন্ডে ছান্দোগ্য, তবলকার, ঐতরেয়ারণ্যক, কৌশিতকী ব্রাহ্মণ ও বাজসনেয়সংহিতার অনুবাদ প্রকাশিত হয়েছিল। পঞ্চদশখন্ডে বৃহদারণ্যক , শ্বেতাশ্বেতর, প্রশ্ন ও মৈত্রায়নের অনুবাদ প্রকাশিত হয়েছিল । দুই খন্ডে অনূদিত উপনিষদগুলি সম্বন্ধে পৃকভাবে ম্যাক্সমুলারের নিজস্ব অনুবাদ ও সংযোজিত হয়েছিল । গ্রন্থমালার ৩২তম খন্ডটির নাম ছিল “দি ভেডিক্ হিমস্”। এতে মরুৎ, রুদ্র, বায়ু ও বাতসম্বন্ধীয় সূক্তগুলি ম্যাক্সমুলার অনুবাদ করে সন্নিবেশ করেন ।

পরে আরও সংযোজিত হবে